গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০

www.berc.org.bd

নং- ২৮.০১.০০০০.০১২.২৩.০০৩.২৬.৩১৯৬

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক ফার্নেস অয়েল (এইচএফও) এর ভোক্তাপর্যায়ে মূল্যহার সমন্বয় সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৫ এর অনুচ্ছেদ ৯.২ অনুযায়ী ২৯ জুলাই ২০২৬ হতে ২৮ আগস্ট ২০২৬ মাসে প্রকাশিত ফার্নেস অয়েল এর Platts Rate এর গড় এবং আগস্ট'২০২৬ মাসে আমদানিকৃত ক্রুড অয়েলের সিআইএফ মূল্যের ভিত্তিতে এবং মার্কিন ডলারের বিনিময় হার বিবেচনায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক সরবরাহকৃত ফার্নেস অয়েলের মূল্যহার নিম্নবর্ণিতভাবে সমন্বয় করা হলো:

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	বিপিসি কর্তৃক সরবরাহকৃত ফার্নেস অয়েলের মূল্যহার (টাকা/লিটার)
১	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), সরকারি/বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, শিল্প কারখানা এবং অন্যান্য গ্রাহক	৯৬.৮৬

২। এ আদেশ ০৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ দিবাগত রাত ১২:০০ টা হতে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-৫৫০১৪০০৭
ই-মেইল: secy@berc.org.bd